গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

**শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি**

নম্বর : ৪৬.০০.০০০০.০৪২.২০.০০৮.২১.৪০৭

তারিখ: ২৯ ফাল্গুন ১৪২৯
১৪ মার্চ ২০২৩

প্রাপক: চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার
চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসারের কার্যালয়
স্থানীয় সরকার বিভাগ
হিসাব ভবন (৫ম তলা, গেট নং-৪), সেগুনবাগিচা, ঢাকা।

**বিষয়: চলতি ২০২২-২৩ অর্থ বছরের বাজেটের বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে 'জেলা পরিষদ উন্নয়ন সহায়তা' খাতের (কোড নং-২২১০০০৬০০) অধীনে 'মাননীয় মন্ত্রীর অভিপ্রায় অনুযায়ী বরাদ্দ' শীর্ষক উপ-খাত হতে এককালীন অর্থ অবমুক্তি।**

জনাব জাফর আলম, মাননীয় সংসদ সদস্য ২৯৪, কক্সবাজার-১ এর পত্রের প্রেক্ষিতে নিম্নবর্ণিত প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে চলতি ২০২২-২৩ অর্থ বছরের এডিপি'র আওতায় 'জেলা পরিষদ উন্নয়ন সহায়তা' খাতের অধীনে (কোড নং-২২১০০০৬০০) 'মাননীয় মন্ত্রীর অভিপ্রায় অনুযায়ী বরাদ্দ' শীর্ষক উপ-খাত (অর্থনৈতিক কোড: ৪১১১৩১৭) হতে জেলা পরিষদ, কক্সবাজার এর অনুকূলে ১০০.০০ লক্ষ (এক কোটি) টাকা অবমুক্তির সরকারি মঞ্জুরি জ্ঞাপন করছি:

| ক্রম | প্রকল্পের নাম | বরাদ্দকৃত অর্থ | জেলা পরিষদ |
|---|---|---|---|
| ১. | চকরিয়া উপজেলার বমুবিলছড়ি কেন্দ্রীয় কবরস্থানের অভ্যন্তরীণ চলাচলের রাস্তা ও ইবাদতের জন্য ইবাদতখানা কাম বিশ্রামাগার (গোলঘর) নির্মাণ | ১০০.০০ লক্ষ (এক কোটি) টাকা | জেলা পরিষদ কক্সবাজার |
| ২. | চকরিয়া উপজেলার বদরখালী কেন্দ্রীয় কবরস্থানের অভ্যন্তরীণ চলাচলের রাস্তা ও ইবাদতের জন্য ইবাদতখানা কাম বিশ্রামাগার (গোলঘর) নির্মাণ | | |

২। এ ব্যয় চলতি ২০২২-২৩ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন বাজেটের মঞ্জুরি নং-৩৪, হিসাবের খাত ১৩৭-১৩৭০১-২২১০০০৬০০/৪১১১৩১৭ 'জেলা পরিষদ উন্নয়ন সহায়তা' খাতে বরাদ্দকৃত অর্থ হতে মিটানো হবে।

৩। অর্থ বিভাগের গত ০৪ আগস্ট ২০২২ তারিখের ০৭.১১১.০১৪.০১.০১.০০৬.২০১১-৩৫৪ নং স্মারক, ১৩ ডিসেম্বর ২০২২ তারিখের ০৭.১১১.০১৪.০১.০১.০০৬.২০১১-৪৭১ নং স্মারক এবং ০৬ ফেব্রুয়ারি ২০২৩ তারিখের ০৭.১১১.০১৪.০১.০১.০০৬.২০১১-৩৫ নং স্মারক মূলে প্রদত্ত সম্মতির প্রেক্ষিতে এবং নিম্নবর্ণিত শর্তে এই অর্থ ছাড় করা হলো:

(১) ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে পিপিআর-২০০৮ অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পরিপালন করতে হবে;
(২) ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম হলে সংশিষ্ট বিল পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ী থাকবে;

৪। নির্ধারিত কার্যক্রম বাস্তবায়ন ব্যতীত অন্য কোন কাজে এই অর্থ ব্যয় করা যাবে না। সংশ্লিষ্ট জেলা পরিষদের প্রধান নির্বাহী কর্মকর্তা/ নির্বাহী কর্মকর্তা এ মঞ্জুরীকৃত অর্থের আয়ন-ব্যয়ন কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন করবেন। তিনি এ অর্থ ব্যয়ে প্রচলিত নিয়মাচার ও আর্থিক বিধি-বিধান পালন করবেন।

১৪/০৩/২০২৩
মোহাম্মদ সামছুল হক
উপসচিব
ফোন: +৮৮০২২২৩৩৫৫৫৬৮
ই-মেইলঃ lgzp@lgd.gov.bd

নম্বর : ৪৬.০০.০০০০.০৪২.২০.০০৮.২১.৪০৭/১(২০)

তারিখ: ২৯ ফাল্গুন ১৪২৯
১৪ মার্চ ২০২৩

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):-**

১. জনাব জাফর আলম, মাননীয় সংসদ সদস্য ২৯৪, কক্সবাজার-১, বাংলাদেশ জাতীয় সংসদ।
২. সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় (দৃ. আ. উপসচিব (বাজেট-১১ অধিশাখা)
৩. সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ/ কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা
৪. অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫. যুগ্মসচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৭. যুগ্মসচিব, পরিকল্পনা অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৮. পরিচালক, স্থানীয় সরকার, চট্টগ্রাম বিভাগ
৯. চেয়ারম্যান, জেলা পরিষদ, কক্সবাজার
১০. প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, কক্সবাজার
১১. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১২. জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, কক্সবাজার জেলা
১৩. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ-(এ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)

১৪/০৩/২৩
মোহাম্মদ সামছুল হক
উপসচিব

বাংলাদেশ জাতীয় সংসদ
Bangladesh Parliament

জাফর আলম
বিএ (অনার্স) এমএ
সংসদ সদস্য
২৯৪ কক্সবাজার-১ (চকরিয়া-পেকুয়া)
সদস্য, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
সম্পর্কিত স্থায়ী কমিটি

ডিও নং-০০০.স.স.-২৯৪.ক-১.২০২৩- ৯৬১১ তারিখ: ১৪/০৭/২০২৩খ্রি:

বরাবর,

মাননীয় মন্ত্রী,
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয় ঢাকা।

বিষয়: **আমার নির্বাচনী এলাকার ২টি ঐতিহ্যবাহী কবরস্থানের অভ্যন্তরীণ চলাচল ও ইবাদতখানা কাম বিশ্রামাগার নির্মাণের জন্য ১ কোটি টাকা বরাদ্ধ প্রদান প্রসঙ্গে।**

শ্রদ্ধেয় মহোদয়,

সালাম নিবেন, উপর্যুক্ত বিষয়ের আলোকে আপনার সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, আমার নির্বাচনী এলাকাধীন চকরিয়া উপজেলার বদরখালী ইউনিয়নের ঐতিহ্যবাহী বদরখালী কেন্দ্রীয় করবস্থান ও বমুবিলছড়ি ইউনিয়নের ঐতিহ্যবাহী বমুবিলছড়ি কেন্দ্রীয় কবরস্থান ২টি অনেক পুরানো ও ঐতিহ্যবাহী। আয়তনে প্রায় ১০ একর বিশিষ্ট উক্ত কবরস্থান ২টিতে অত্র অঞ্চলের বিশিষ্ট সমাজসেবক, রাজনীতিবিদ, শিক্ষাবিদ ও আলেমেদ্বীন সহ অনেক গুণীজনদের সমাহিত করা হয়েছে। কিন্তু অতি বৃহৎ আকার কবরস্থান ২টি অভ্যন্তরীণ যাতায়াত, সমাহিত ও জেয়ারত করতে আসা ধর্মপ্রাণ মুসল্লিদের চলাচল, বিশ্রাম ও জিয়ারতের জন্য অভ্যন্তরীণ রাস্তা ও ইবাদতখানা কাম বিশ্রামাগার (গোলঘর) নির্মাণ অত্র অঞ্চলের মানুষের দীর্ঘদিনের দাবী।

এমতাবস্থায়, নিম্নোক্ত করবস্থান ২টির অভ্যন্তরীন চলাচলের রাস্তা নির্মাণ, সমাহিত ও জেয়ারত করতে আসা ধর্মপ্রাণ মুসল্লিদের বিশ্রাম, জিয়ারত ও কুরআন তিলাওয়াতের জন্য ইবাদতখানা কাম বিশ্রামাগার (গোলঘর) নির্মাণের জন্য ১ কোটি টাকা বরাদ্ধ প্রদানের জন্য বিনীত অনুরোধ করা হলো।

| ক্র:নং | কবরস্থানের নাম | ইউনিয়ন | বরাদ্ধের পরিমাণ |
|---|---|---|---|
| ১ | বমুবিলছড়ি কেন্দ্রীয় কবরস্থানের অভ্যন্তরীণ চলাচলের রাস্তা ও ইবাদতের জন্য ইবাদতখানা কাম বিশ্রামাগার (গোলঘর) নির্মাণ | বমুবিলছড়ি | ৫০,০০,০০০/- |
| ২ | বদরখালী কেন্দ্রীয় কবরস্থানের অভ্যন্তরীণ চলাচলের রাস্তা ও ইবাদতের জন্য ইবাদতখানা কাম বিশ্রামাগার (গোলঘর) নির্মাণ | বদরখালী | ৫০,০০,০০০/- |
| | | সর্বমোট = | ১,০০,০০,০০০/- |

ডাইরী নং- ৭৭ তারিখ: ০২ জুলাই ২০২৩
উপসচিব
জেলা পরিষদ অধিশাখা

মন্ত্রীর দপ্তর
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

শ্রদ্ধান্তে-

১৪/০৭/২০২৩

জাফর আলম, এম.পি
জাফর আলম বিএ(অনার্স),এমএ
সংসদ সদস্য
২৯৪ কক্সবাজার-১
বাংলাদেশ জাতীয় সংসদ

মোবাইল : +88 01715-062890, E-mail: zalam.mp@gmail.com